যুগান্তর
JUN. 20 2002

# জাতীয় বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সপ্তাহ আজ থেকে

**যুগান্তর রিপোর্ট**

আজ থেকে শুরু হচ্ছে ২৫তম জাতীয় বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সপ্তাহ। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া আগামী ২২ জুন বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে এ উপলক্ষে আয়োজিত জাতীয় প্রতিযোগিতা ও বিজ্ঞান মেলার উদ্বোধন করবেন।

এ বছরের বিজ্ঞান সপ্তাহের প্রতিপাদ্য 'উন্নয়নে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি'।

প্রতিদিন সকাল ৯টা থেকে দুপুর বেলা ১টা পর্যন্ত এবং বিকাল ৩টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত বিজ্ঞান মেলা ও প্রদর্শনী সর্ব সাধারণের জন্য উন্মুক্ত থাকবে। এছাড়া ২৩ জুন ওসমানী স্মৃতি মিলনায়তনে বিজ্ঞান বিষয়ক দুটো সিম্পোজিয়াম অনুষ্ঠিত হবে।